



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/14/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল ঘোষণা করেছেন যে জুলাইয়ের আবহাওয়া জনিত ঘটনার প্রেক্ষিতে স্মল বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের শারীরিক দুর্যোগ ঘোষণার অনুমোদনের প্রেক্ষিতে এখন রেনসেলার, অস্টেগো এবং নায়াগ্রা কাউন্টিতে তিনটি আউটরিচ সেন্টার খোলা হয়েছে

18টি কাউন্টির ক্ষতিগ্রস্ত ব্যক্তি, বাসিন্দা, ব্যবসা মালিক এবং অলাভজনক প্রতিষ্ঠান এখন পুনরুদ্ধারে সহায়তা পেতে কম সূদের দুর্যোগ ঋণের জন্য আবেদন করতে পারবে

তিনটি SBA ঋণ আউটরিচ সেন্টার নিউ ইয়র্কবাসীদের সহায়তা করার জন্য এখন থেকে শুক্রবার, 24 সেপ্টেম্বর পর্যন্ত খোলা থাকবে

গভর্নর ক্যাথি হোচুল আজকে রেনসেলার, অস্টেগো এবং নায়াগ্রা কাউন্টির জন্য একটি শারীরিক দুর্যোগ ঘোষণার অনুমোদনের ঘোষণা করেছেন, যা 1 সেপ্টেম্বরে স্মল বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের (Small Business Administration, SBA) নিকট জমা দেওয়া আবেদনের প্রেক্ষিতে অনুমোদিত হয়েছে। ঘোষণাটি জুলাইয়ের শেষ দিকে হওয়া তিনটি ভিন্ন মারাত্মক আবহাওয়া ঘটনার সাথে সম্পর্কিত যা প্রধানত রেনসেলার, অস্টেগো এবং নায়াগ্রা কাউন্টিতে বাড়িঘর এবং ব্যবসাকে ক্ষতিগ্রস্ত করে। এর ফলে যোগ্য নিউ ইয়র্কবাসীরা পুনর্নির্মাণ এবং পুনরুদ্ধারে সহায়তার জন্য এই তিনটি কাউন্টি এবং এদের আশেপাশের কাউন্টিতে কম সূদের ঋণের জন্য আবেদন করতে পারবে। গভর্নর হোচুল যেসব নিউ ইয়র্কবাসী এক-এক, সশরীরে সহায়তা লাভ করতে চাচ্ছেন তাদের SBA এর স্থাপিত নতুন সেবা কেন্দ্রে যোগাযোগ করতে উৎসাহ দিয়েছেন।

"স্মল বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের কল্যাণে, জুলাইয়ের শেষ দিকে স্টেটের বিভিন্ন অংশে হওয়া মারাত্মক ঝড় এবং অকস্মাৎ বন্যায় ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীরা এখন দুর্যোগ ত্রাণের জন্য আবেদন করার যোগ্য," **গভর্নর হোচুল বলেন।** "আমি অ্যাডমিনিস্ট্রেটর গুজম্যানকে তার সমর্থনের জন্য ধন্যবাদ জানাই এবং এই আবহাওয়া ঘটনাগুলিতে ক্ষতিগ্রস্ত সবাইকে তাদের লোকালয়ের দুর্যোগ ঋণ আউটরিচ সেন্টারে (Disaster Loan Outreach Centers) গিয়ে পুনরুদ্ধার প্রক্রিয়া শুরু করার আহ্বান জানাই।"

দুর্যোগ ঋণ আউটরিচ সেন্টার এখন নিম্নলিখিত কাউন্টি গুলিতে বাসিন্দাদের জন্য খোলা রয়েছে:

নায়াগ্রা, ইরি, জেনেসি এবং অরলিন্স কাউন্টি:

নায়াগ্রা কাউন্টি ইমার্জেন্সি ম্যানেজমেন্ট সেন্টার (Niagara County Emergency Management Center)
5574 Niagara Street Ext., Lockport, NY 14094

নায়াগ্রা, ইরি, জেনেসি এবং অরলিন্স কাউন্টির বাসিন্দাদের জন্য আরও তথ্য [এখানে](#) পাওয়া যাবে।

রেনসেলার, অ্যালবানি, কলাম্বিয়া, গ্রিন, সারাটোগা এবং ওয়াশিংটন কাউন্টি:

টাউন অফ স্যান্ড লেক বিল্ডিং (Town of Sand Lake Building)
8428 NY Route 66, Averill Park, NY 12018

রেনসেলার, অ্যালবানি, কলাম্বিয়া, গ্রিন, সারাটোগা এবং ওয়াশিংটন কাউন্টির বাসিন্দাদের জন্য আরও তথ্য [এখানে](#) পাওয়া যাবে।

অস্টেগো, স্কোহারি, ডেলাওয়্যার, চেনাঙ্গে, ম্যাডিসন, ওনেইডা, হারকিমার এবং মন্টগোমারি কাউন্টি:

মরিস ফায়ার ডিপার্টমেন্ট (Morris Fire Department)
117 East Main Street, Morris, NY 13808

অস্টেগো, স্কোহারি, ডেলাওয়্যার, চেনাঙ্গে, ম্যাডিসন, ওনেইডা, হারকিমার এবং মন্টগোমারি কাউন্টির বাসিন্দাদের জন্য আরও তথ্য [এখানে](#) পাওয়া যাবে।

তিনটি আউটরিচ সেন্টারের সবকটি সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত এবং শনিবার সকাল 10টা থেকে দুপুর 2টা পর্যন্ত খোলা থাকবে। 24 সেপ্টেম্বর, শুক্রবার বিকাল 4টায় সাইটগুলি চিরতরে বন্ধ হয়ে যাবে।

দুর্যোগ ঋণ এবং আবেদন সম্পর্কে আরও তথ্য পেতে নিউ ইয়র্কবাসীরা sba.gov/disaster এ ভিজিট করতে পারে অথবা SBA এর গ্রাহক সেবা কেন্দ্রে 1-800-659-2955 নম্বরে (অথবা শ্রবণ প্রতিবন্ধী বা কানে কম শোনা ব্যক্তিদের জন্য 1-800-877-8339 নম্বরে) কল করতে পারেন।

সম্পত্তির ভূতাত্ত্বিক ক্ষতি সম্পর্কে আবেদন ফেরত পাবার শেষ সময় 8 নভেম্বর, 2021 এবং অর্থনৈতিক ক্ষতি সম্পর্কে আবেদন পাবার শেষ সময় 9 জুন, 2022।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)